

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 12-02-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Science & Tecnology Minister :

বিজ্ঞান ও প্রযুক্তি পরিবেশ মন্ত্রী অনিমেষ দেববর্মা বলেছেন, জলবায়ু পরিবর্তন ও পরিবেশের ভারসাম্য রক্ষায় বাঁশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তার জন্য আরো বেশি করে বাঁশ গাছ লাগানো ওপর তিনি গুরুত্ব আরোপ করেন। গতকাল আগরতলায় 'জলবায়ু পরিবর্তন প্রশমিত করতে বাঁশের ভূমিকা' শীর্ষক এক আলোচনা সভার উদ্বোধন করে তিনি একথা বলেন। গত বছর রাজ্যের বিধ্বংসী বন্যার কথা তুলে ধরে তিনি বলেন বন উজাড় এবং বড়মুড়ার অববাহিকা অঞ্চলগুলি শুকিয়ে যাওয়ার ফলে রাজ্যের বিভিন্ন অংশে বন্যা হয়েছিল। ভবিষ্যতে রাজ্যে ব্যাপক বন্যা রোধে বাঁশ চাষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে বলে জানান তিনি।

Pariksha Pe Charcha :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পরীক্ষা যোদ্ধাদের কাছ থেকে সবচেয়ে বেশি আগ্রহ ব্যক্ত হয়েছে মানসিক স্বাস্থ্য ও সুস্থতা নিয়ে। এজন্য চলতি বছরে 'পরীক্ষা পে চর্চার এক বিশেষ পর্ব আজ প্রচারিত হবে। এই বিষয়ে প্রধানমন্ত্রী নিজের এক্স হ্যান্ডলে উল্লেখ করেন যে, এই পর্বে কথা বলার জন্য আন্তরিক আগ্রহ নিয়ে অংশগ্রহণ করতে যাচ্ছেন বিশিষ্ট চলচ্চিত্র অভিনেত্রী দীপিকা পাডুকোন।

Mahakumbha :

আজ মাঘী পূর্ণিমা। এই উপলক্ষ্যে ভোর থেকে কয়েক লক্ষ পূন্যার্থী প্রয়াগরাজ মহাকুন্ডে পূণ্যস্নান করেছেন। এই স্নানের মাহাত্ম্য হল, কল্পবাস পালনের বিশেষ আচারের সমাপ্তিতে এই স্নান করা হয়। এই সময়কালে, কল্পবাসীরা সঙ্গমের ঘাটের কাছে অস্থায়ী বাসস্থানে থাকেন। এই বছর, মহাকুন্ডে ১০লক্ষেরও বেশি মানুষ কল্পবাস করেছেন। ভক্তদের প্রয়োজনীয় পরিষেবা প্রদানের জন্য এবং কার্যকর ট্রাফিক ব্যবস্থাপনার জন্য উত্তরপ্রদেশ সরকার বিশেষ ব্যবস্থা করেছে।

Karbong Utsab :

সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন একটি জনগোষ্ঠীর সার্বিক বিকাশের জন্য সেই জাতি গোষ্ঠীর শিক্ষা ও ঐতিহ্যময় সংস্কৃতির বিকাশ ঘটানো প্রয়োজন। সেই লক্ষ্যে করবং জাতি গোষ্ঠীর নিজস্ব সংস্কৃতির বিকাশে এবং শিক্ষার সম্প্রসারণে রাজ্য সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। গতকাল বেলবাড়ি ব্লকের চাম্পাবাড়ি ভিলেজে করবং পাড়া কমিউনিটি হলে করবং উৎসব-২০২৫ এর উদ্বোধন করে তিনি একথা বলেন।

Rajarshi Festival :

অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায় বলেছেন, আমাদের ইতিহাস ও ঐতিহ্যকে রক্ষা করতে হবে। গতকাল সন্ধ্যায় উদয়পুরের রাজনগরে তিনদিন ব্যাপী ২০তম রাজর্ষি উৎসবের উদ্বোধন করে একথা বলেন অর্থমন্ত্রী।

Press Meet-Left Front :

রাজ্য বামফ্রন্ট কমিটির আহ্বায়ক নারায়ণ কর গতকাল আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন সম্প্রতি সংসদে পেশ করা কেন্দ্রীয় বাজেটে স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, রেগা

সহ বিভিন্ন প্রকল্পে বরাদ্দ সংকোচন করা হয়েছে। এবারের বাজেট পরিকল্পনাহীন বাজেট। তিনি বলেন, এই বাজেট প্রস্তাবের প্রতিবাদ জানিয়ে বামফ্রন্টের উদ্যোগে আগামী ১৪ই ফেব্রুয়ারী আগরতলায় ৩ ঘন্টার গণঅবস্থান কর্মসূচি পালন করা হবে।

BJP-Sonamura :

কেন্দ্রীয় বাজেটকে সমর্থন জানিয়ে গতকাল বি.জে.পি সিপাহীজলা জেলা দক্ষিণাংশ কমিটির উদ্যোগে সোনামুড়া শহরে মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। রবীন্দ্র চৌমুহনীতে আয়োজিত কেন্দ্রীয় বাজেটের ভূয়সী প্রশংসা করে বক্তব্য রাখেন প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। তিনি বলেন, এই বাজেট দেশের সব অংশের মানুষের আকাঙ্ক্ষার প্রতিফলন।

Bharat Tarang Mahotsav :

পাঁচ দিনব্যাপী ভারত তরঙ্গ মহোৎসব গতকাল থেকে আগরতলা নজরুল কলাক্ষেত্রে শুরু হয়েছে। উদ্বোধন করেন ন্যাশনাল স্কুল অফ ড্রামার দিল্লি কেন্দ্রের প্রাক্তন অধিকর্তা সুরেশ শর্মা। এই মহোৎসবে মোট ২০০টি নাটক মঞ্চস্থ হবে। ত্রিপুরায় এ মহোৎসব চলবে আগামী ১৫ই ফেব্রুয়ারি পর্যন্ত।

Khaorabil Mela :

কৈলাসহর মহকুমা প্রশাসন, তথ্য ও সংস্কৃতি দপ্তর ও গৌরনগর ব্লকের যৌথ উদ্যোগে আজ খাওরাবিলে চৌদ্দ দেবতা মেলা অনুষ্ঠিত হবে। উদ্বোধন করবেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়।

Seminar-AIR :

সমাজের গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে জনসচেতনতা বৃদ্ধি ও জনশিক্ষার প্রসারে আকাশবাণী আগরতলা আয়োজিত ধারাবাহিক সেমিনারের সর্বশেষ পর্ব হিসেবে গতকাল আগরতলার মহিলা মহাবিদ্যালয়ে অনুষ্ঠিত হয় নারী ক্ষমতায়ন বিষয়ক একটি সচেতনতা কর্মসূচি। স্বাগত ভাষণে আকাশবাণী আগরতলার ভারপ্রাপ্ত কেন্দ্র অধিকর্তা ভি. দিনেশ কুমার আকাশবাণীর জনসেবামূলক ভূমিকার উপর আলোকপাত করেন।

National Games :

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের এপর্যন্ত মোট ৩৭৪টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে। এরমধ্যে ৫৫টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে। ৪১টি স্বর্ণপদক নিয়ে মহারাষ্ট্র দ্বিতীয় স্থানে এবং ৩৩টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক তৃতীয় স্থানে রয়েছে।

Super Division Cricket :

টিসিএ পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতা আজ থেকে শুরু হচ্ছে। মোট ছয়টি ক্লাব এই আসরে অংশ নিয়েছে। প্রথম দিনে তিনটি ম্যাচ হবে। ডবল লিগের ভিত্তিতে আসরে চ্যাম্পিয়নশীপের ফয়সলা হবে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে কিছু কিছু জায়গায় হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস।
